# বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া

# Bangabandhu society of Australia

Regd. No. Y 2650818, ABN 24 508 194 656, Charity reg. No. CFN 17511

## সংবাদ বিজ্ঞপ্তি

## বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়ার দ্বি-বার্ষিক সাধারন সভা ও নির্বাচন অনুষ্ঠিত

গত ২২শে জানুয়ারি ২০১১, মিন্টো কম্যুনিটি সেন্টারে বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়ার দ্বি-বার্ষিক সাধারন সভা ও নির্বাচন অনুষ্ঠিত হয়। সংগঠনের গণতান্ত্রিক ধারাবাহিকতায় দ্বি-বার্ষিক সাধারণ সভায় সংগঠনের অর্থ বিষয়ক রিপোর্ট, সাধারন সম্পাদকের রিপোর্ট পেশ করা হয়। সংগঠনের সংগ্রামী বিদায়ী সভাপতি ডঃ নিজাম উদ্দীন আহমেদ তার ভাষনে সংগঠনের বিগত দিনের সংগ্রামের ইতিহাস তুলে ধরেন এবং আগের কমিটি বিলুপ্ত ঘোষনা করে একটি সুষ্ঠ নির্বাচন অনুষ্ঠানের দ্বায়িত্ব প্রধান নির্বাচন কমিশনার ডঃ রতন কুন্ডু এবং সহকারি নির্বাচন কমিশনার জনাব হারান সরকারের হাতে তুলে দেন।

সর্বসম্মতিক্রমে একটিমাত্র প্যানেল জমা হয় এবং বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়ার আগামী ২০১১-২০১২ বর্ষে নেতৃত্বের জন্য বিশিষ্ট মুক্তিযোদ্ধা সর্বজনাব উসমান গনি সভাপতি এবং পরিক্ষীত নেত্রী ডাঃ লাভলী রহমান সাধারন সম্পাদক হিসেবে নির্বাচিত হোন। বিদায়ী সভাপতিকে সম্মানিত এক নম্বর সদস্য করে নির্বাচন কমিশনারদ্বয় একটি কমিটি ঘোষনা করেন।

নব-নির্বাচিত সভাপতি জনাব উসমান গনি এবং সাধারন সম্পাদক ডাঃ লাভলী রহমান তাদের স্বাগত ভাষনে বিদায়ী সভাপতি ডঃ নিজাম উদ্দিন আহমেদ, সাধারন সম্পাদক জনাব শামিম বাবু এবং অর্থ সম্পাদক জনাব রফিক উদ্দিনকে সহ আগের কমিটির সকল সদস্যদের তাদের সংগ্রামী ও বলিষ্ট নেতৃত্বের জন্য ধন্যবাদ জানান এবং অতি শীঘ্র একটি পুর্নাঙ্গ কমিটি ঘোষনা করার মাধ্যমে আরো গতিশীল বঙ্গবন্ধু পরিষদ, অস্ট্রেলিয়ার প্রতিশ্রুতি দেন।

জয় বাংলা । জয় বঙ্গবন্ধু ।

ডাঃ লাভলী রহমান
সাধারন সম্পাদক